R N. No. 2532/57

Regd No. WB/MSD—4

রিপ্রোডাকশন সিন্ডিকেট
৭-১, বিধান সরণী, কলিকাতা-৬

# জঙ্গিপুর সংবাদ

সাপ্তাহিক সংবাদ-পত্র

প্রতিষ্ঠাতা—স্বর্গত শরৎচন্দ্র পণ্ডিত ( দাদাঠাকুর )

ক্রম্পটন গ্রীভস লিমিটেডের
ল্যাম্প, টিউব, ষ্টাটার,
ফিটিংস এবং ফ্যান
ডীলার
এস, কে, রায়
হার্ডওয়ার ষ্টোর্স
রঘুনাথগঞ্জ—মুর্শিদাবাদ
ফোন নং—৪

৬৬শ বর্ষ
৩৯শ সংখ্যা

রঘুনাথগঞ্জ, ৭ই ফাল্গুন বুধবার, ১৩৮৬ সাল।
২০শে ফেব্রুয়ারী, ১৯৮০ সাল।

নগদ মূল্য : ২০ পয়সা
বার্ষিক ৯্, সডাক ১০্

## ব্যাপক চুরির ফলে গ্রাম বৈদ্যুতিকীকরণের কাজ ব্যাহত

বিশেষ প্রতিনিধি : ব্যাপক চুরির ফলে ফরাক্কা থানার ৬০টি গ্রাম বৈদ্যুতিকীকরণের কাজ ব্যাহত হয়েছে। পাইকারী হারে বৈদ্যুতিক সাজসরঞ্জাম চুরি এমন পর্যায়ে এসে পৌঁচেছে যে, কাজ বন্ধ হয়ে যাওয়ার উপক্রম হয়েছে। বার বার পুলিশের কাছে চুরি বন্ধের অনুরোধ জানিয়েও কোন ফল হয়নি। কোন কোন ঠিকাদার ত্যক্তবিরক্ত হয়ে পাততাড়ি গুটিয়ে কাজ বন্ধ করে দেবেন বলে বিভাগীয় দফতরকে জানিয়ে দিয়েছেন। ১৯৭৮-৭৯ আর্থিক বছরে ফরাকার ৬০টি গ্রাম বৈদ্যুতিকীকরণ প্রকল্প রাজ্য সরকারের অনুমোদন লাভ করে। মঞ্জুর করা হয় ৩৪ লক্ষ টাকা। কাজ শুরু হয় মাস তিন-চার আগে। কিন্তু প্রাথমিক পর্যায়ে অর্থাৎ কনষ্ট্রাকসন পিরিয়ডে বিদ্যুৎ পর্ষদের কাজে বাধা হয়ে দাঁড়ায় ব্যাপক চুরি। বহু চেষ্টা করেও চুরি ঠেকানো সম্ভব হয়নি। বিদ্যুৎ পর্ষদ এমন একটা সংস্থা যার নিজস্ব কোন নিরাপত্তার সংস্থান নাই। নির্ভর করতে হয় জনসাধারণের ওপর। এই মর্মে আবেদনও জানানো হয়েছে সর্বস্তরে। কিন্তু তবু চুরি বন্ধ হয়নি। কাজ ব্যাহত হয়েছে। একই কারণে পর্ষদ সুতির গাজিনে গভীর নলকূপে বিদ্যুৎ সংযোগ ঘটাতে পারছেন না। একটি খবরে জানা গেছে, বিদ্যুৎ পর্ষদের সহযোগিতায় জঙ্গিপুর মহকুমায় ১৪টি নদী জলো-ত্তোলন ও ২২টি গভীর নলকূপ সেচ প্রকল্প চালু করা হয়েছে। বিদ্যুৎ পর্ষদের রঘুনাথগঞ্জ সাবডিভিশনে জঙ্গিপুর মহকুমার ৫টি থানা এবং লালবাগ মহকুমার নবগ্রাম থানা অন্তর্ভুক্ত রয়েছে। নবগ্রামে বিদ্যুৎ সংযোগ দেওয়া হয়েছে

( ২য় পৃষ্ঠায় দ্রষ্টব্য )

## পুরসভার সার্বিক উন্নয়নে আরজি

নিজস্ব সংবাদদাতা : জঙ্গিপুর পুরসভার সার্বিক উন্নয়নের জন্য অনেকগুলি প্রকল্প রাজ্য সরকারের অনুমোদনের জন্য পাঠানো হয়েছে। পুরসভার মনোনীত কমিটির সভাপতি মৃগাঙ্ক ভট্টাচার্য্য এক সাংবাদিক বৈঠকে এ খবর দিয়ে জানিয়েছেন, সমগ্র পুরসভায় বিদ্যুৎ সম্প্রসারণের জন্য ৪ লক্ষ টাকা দরকার হবে। আপাততঃ ৪৮ হাজার টাকার একটি প্রকল্প পাঠানো হয়েছে। এ ছাড়াও কমিউনিটি হলের জন্য ১০ লক্ষ টাকা, জঙ্গিপুর পারে স্বাস্থ্যকেন্দ্র নির্ম্মাণের জন্য ১০ লক্ষ টাকা ও পুরসভার অফিস তৈরীর জন্য ৪৫ হাজার টাকা, দুটো ভাগার আধুনিকীকরণের জন্য আড়াই লক্ষ টাকার প্রকল্প পাঠানো হয়েছে। মুক্ত মঞ্চ ও পার্ক তৈরীর জন্য খরচ হবে ৬০ হাজার ও ৩০ হাজার টাকা। পায়খানা সংস্কারের জন্য প্রয়োজন হবে ২ লক্ষ টাকা। আপাততঃ এই খাতে ৪৫ হাজার টাকা পাওয়া গিয়েছে। আর্থিক সঙ্গতি এবং অবস্থানের

( ২য় পৃষ্ঠায় দ্রষ্টব্য )

## কৃষি প্রযুক্তিবিদ আন্দোলনের দ্বিতীয় পর্যায়

নিজস্ব সংবাদদাতা : ১৪-১৬ ফেব্রুয়ারী ব্লকস্তর থেকে শুরু করে রাজ্যস্তরের এ্যাডিশনাল ডিরেকটর পর্যন্ত প্রায় দেড় হাজার কৃষি প্রযুক্তিবিদের রাজ্যব্যাপী আন্দোলনের দ্বিতীয় পর্যায় শেষ হয়েছে। রাজ্য কৃষি সার্ভিসের সঙ্গে জুনিয়র কৃষি সারভিসের একীকরণ, কৃষি দফতরকে কারিগরি দফতর হিসেবে ঘোষণা ইত্যাদি আট দফা দাবির ভিত্তিতে ফেডারেশন অব এগ্রিকালচারাল সারভিস এ্যাসোসিয়েশনস, ওয়েষ্ট বেঙ্গল এই আন্দোলনের ডাক দিয়েছেন। এই উপলক্ষে কৃষি প্রযুক্তিবিদরা ওই দু'দিন গণছুটি নিয়েছেন বলে জানানো হয়েছে। তৃতীয় পর্যায়ে আন্দোলন শুরু হচ্ছে মারচে। চলবে সাতদিন অথবা পনের দিন।

১৭ ফেব্রুয়ারী বহরমপুর ডালশস্য ও তৈলবীজ গবেষণা কেন্দ্রে অনুষ্ঠিত এক সাংবাদিক সম্মেলনে ফেডারেশনের কনভেনার সুধীর সাহা বলেন, সরকারের বিরুদ্ধে তাঁদের কোন অভিযোগ নাই। তাঁরা শুধু চান দৃষ্টি আকর্ষণ করতে।

( ২য় পৃষ্ঠায় দ্রষ্টব্য )

## যুবনাশ্ব জন্ম-জয়ন্তী

নিজস্ব সংবাদদাতা : ত্রৈমাসিক বর্তিকার উদ্যোগে বহরমপুর বিমল কালচারাল হলে ১০ ফেব্রুয়ারী সদ্যপ্রয়াত কবি মনীশ ঘটকের ( যুবনাশ্ব ) ৭৯তম জন্ম-জয়ন্তী উদযাপিত হয়। পৌরো-হিত্য করেন মুর্শিদাবাদ জেলা সাংবাদিক সংঘের সভাপতি কমল বন্দ্যোপাধ্যায়। কবিজীবনের বিভিন্ন দিক নিয়ে আলোচনা করেন কবিকন্যা মহাশ্বেতা দেবী, অধ্যাপক দীপঙ্কর চক্রবর্তী, সমীক বন্দ্যোপাধ্যায় প্রমুখ। 'বর্তিকা' সম্পাদক মহাশ্বেতা দেবী জানান, বর্তিকার আগামী বৈশাখ সংখ্যা 'যুবনাশ্ব স্মৃতি সংখ্যা' হিসেবে প্রকাশিত হবে।

মনীশ ঘটক ছিলেন বর্তিকার আমৃত্যু সম্পাদক। তাঁর মৃত্যুর পর মহাশ্বেতা দেবী বর্তিকা সম্পাদনার দায়িত্বভার গ্রহণ করেছেন।

## সূর্য গ্রহণের আতঙ্ক

নিজস্ব সংবাদদাতা : সরকারী প্রচার-যন্ত্রে সদ্যসমাপ্ত সূর্যগ্রহণকে সর্বাধিক গুরুত্বদানের ফলে মানুষের মনে আতঙ্ক অত্যন্ত বেশী পরিমাণে ছড়িয়ে পড়ে।

( ২য় পৃষ্ঠায় দ্রষ্টব্য )

## ডাক ও তার সপ্তাহে রঘুনাথগঞ্জের দাবি

সংবাদদাতা, রঘুনাথগঞ্জ : ডাক ও তার সপ্তাহ উপলক্ষে মুর্শিদাবাদ ডিভিশনের পোষ্টাপিসসমূহের সুপারিনটেনডেনটের রঘুনাথগঞ্জ প্রধান ডাকঘর পরিদর্শনের আহ্বানে সাড়া দিয়ে জঙ্গিপুরের সংসদ সদস্য জয়নাল আবেদিন রঘুনাথগঞ্জ প্রধান ডাকঘর সকাল ছটা থেকে সন্ধ্যা ছটা পর্যন্ত ১২ ঘণ্টা খোলা রাখা, ডাকঘরের টেলিগ্রাম ও টেলিফোন বিভাগ দুটি ২৪ ঘণ্টা চালু রাখা এবং শহরে দিনে দু'বার ডাক বিলির ব্যবস্থা প্রবর্তনের দাবি জানালে সুপারিনটেন-ডেনট প্রস্তাবগুলি বিবেচনা করে যত শীঘ্র সম্ভব চালু করার প্রতিশ্রুতি দেন।

## ১২০ বছরে প্রোমোশন

নিজস্ব সংবাদদাতা : রাজ্য কৃষি দফ-তরের বর্তমান নিয়োগ নীতিতে ১২০ বছরে চাকরিতে প্রোমোশনের সংস্থান রয়েছে। ১৭ ফেব্রুয়ারী বহরমপুর ডালশস্য ও তৈলবীজ গবেষণা কেন্দ্রে অনুষ্ঠিত সাংবাদিক সম্মেলনে প্রবল হাস্যরোলের মধ্যে এ কথা বলেন 'ফাটসা'র একজন মুখপাত্র। তিনি জানান, ওয়েষ্ট বেঙ্গল জুনিয়র এগরিকালচার সারভিস থেকে জুনিয়র শব্দটি উঠে যেতে ওই সময় লাগে ; এ ছাড়াও কৃষি দফতরে চাকরি নিয়মিত হতে সময় লাগে প্রায় দুই

( ২য় পৃষ্ঠায় দ্রষ্টব্য )

## বাৎসরিক সাংবাদিক সম্মেলন ১৬ মারচ

নিজস্ব সংবাদদাতা : মুরশিদাবাদ জেলা সাংবাদিক সংঘের দ্বাবিংশতম বার্ষিক সম্মেলন অনুষ্ঠিত হচ্ছে ১৬ মারচ রাণীনগর থানার ইসলামপুর চকে। সম্মেলনে জেলার সমস্ত সাং-বাদিককে যোগদানের জন্য অনুরোধ জানিয়েছেন সংঘ সম্পাদক বিজন ভট্টাচার্য।

সর্ব্বেভ্যো দেবেভ্যো নমঃ।

# জঙ্গিপুর সংবাদ

৭ই ফাল্গুন বুধবার, ১৩৮৬।

## গ্রহণোত্তর

গত শনিবার বহু প্রতীক্ষিত এবং বহুল প্রচারিত সূর্যগ্রহণ হইয়া গেল। বিগত গ্রহণ সম্পর্কে নানা জল্পনা-কল্পনা অনেকদিন আগে হইতে প্রচারিত হইতেছিল। বিজ্ঞানীদের গবেষণার নানা প্রস্তুতি বহু পূর্ব হইতে চলিয়াছিল। গ্রহণ সংক্রান্ত তাবৎ বিজ্ঞানীদের অনুসন্ধান ও গবেষণার ফলশ্রুতি পাইতে এখনও কিছু দিনের প্রয়োজন। সে যাহা হইবে হউক, এবারের এই সূর্যগ্রহণ যেন বিশেষ তাৎপর্যময় হইয়া উঠিয়াছিল, গ্রহণের পৌরাণিক দিক রাহুদৈত্যের সূর্য বা চন্দ্রকে গ্রাস করা। বিস্তৃত কথায় যাইবার প্রয়োজন নাই। রাহু চন্দ্র বা সূর্যের কাছে যেন এক মূর্তিমান বিভীষিকা। কিন্তু এবারে জনমানসেও এক প্রকার ভীতির সঞ্চার হইয়াছিল। এই সূর্যগ্রহণে নাকি ভূমিকম্প অথবা অন্য প্রকার কোন বিপর্যয় হইতে পারে—এই আশঙ্কা বিরাজ করিতেছিল। স্কুল, কলেজ, নানা অফিস, আদালত সর্বত্র ছুটি ঘোষণা করা হইয়াছিল। এমন কি গ্রহণকালে যানবাহনাদি পর্যন্ত চলাচল নিষিদ্ধ ছিল। গ্রহণস্পর্শ হইতে গ্রহণমোক্ষকাল পর্যন্ত মানুষ যেন ভাবী কোন এক অমঙ্গল আশঙ্কায় দণ্ড গণিতেছিলেন। কিন্তু সুখের বিষয়, জনচিত্ত-আলোড়নকারী এই সূর্যগ্রহণ কোন ক্ষতির বা অমঙ্গলের বার্তা আনে নাই। মানুষের জীবন যেমন গতানুগতিক ধারায় প্রবাহিত হইতেছিল, তাহাই আছে। আবহমণ্ডলের কোন কিছু বৈচিত্র্য যদি ঘটিয়া থাকে, তাহা পরে জ্ঞাতব্য।

মোট কথা নৈসর্গিক যে সব কাণ্ড ঘটিয়া থাকে, তাহা সুদূর অতীতে অরণ্যগুহাবাসী মানবমনে অতিপ্রাকৃত সত্তার বোধ জাগাইয়াছিল। ইহাই আদিম ঈশ্বর চেতনা ও ধর্মবোধের উন্মেষ। সেই ঐতিহ্যধারা আজিকার সুসভ্য কালেও ঈষৎ পরিলক্ষিত হইয়া থাকে। নাহলে গ্রহণকালে গ্রহণের বৈজ্ঞানিক কারণ জানিয়াও কেনই বা আমরা স্বল্পকালের জন্য ঈশ্বরের নাম করি এবং স্নানদানাদি পুণ্যকর্মে ব্রতী হই? সংস্কার যদিও বা বলি, কিছু যে মূল্য একেবারেই নাই, তাহা নয়। স্নানাদিতে দেহমনের স্ফূর্তি-সজীবতা আসে আর ঈশ্বরচিন্তা বা দানাদি মনের কোমল মানবীয় গুণের উন্মেষে সহায়ক হয়। ইহাকেও নিতান্ত তুচ্ছ জ্ঞান করা যায় না।

### ব্যাপক চুরির ফলে

( ১ম পৃষ্ঠার পর )

১০টি গভীর নলকূপ প্রকল্পে। সাগরদীঘির ব্রাহ্মণীগ্রাম ও বেড়গ্রাম মৌজায় দুটি গভীর নলকূপের কাজ চলছে। এখন পর্যন্ত সামসেরগঞ্জের ১৮টি, সুতির ১৪টি, রঘুনাথগঞ্জের ১৬টি এবং সাগরদীঘি ও নবগ্রামের ৯০টি মৌজায় বিদ্যুৎ পৌঁছে দেওয়ার কাজ শেষ হয়েছে। সাগরদীঘি ও নবগ্রাম এলাকায় ১৩৯টি গ্রামে বিদ্যুৎ পৌঁছে দেওয়া হবে। এই দুটি থানা এলাকায় ৫০০র মধ্যে পাঁচ বছরে মাত্র ১০২টি শ্যালো টিউবওয়েল বসানো সম্ভব হয়েছে। রঘুনাথগঞ্জের মির্জাপুর গ্রাম পঞ্চায়েতের ১০টি মৌজায় বৈদ্যুতিকীকরণের কাজ চলছে। মুখ্যতঃ কৃষিকাজে বিদ্যুৎ পৌঁছে দেওয়ার উদ্দেশ্যে কৃষিনির্ভর সাগরদীঘি থানা এলাকায় গ্রাম বৈদ্যুতিকীকরণের কাজে অগ্রসর হলেও সেখানে নাকি এগ্রিকালচারাল কনজুমার পাওয়া যাচ্ছে না। এদিক দিয়ে ফরাক্কায় গ্রাম বৈদ্যুতিকীকরণ প্রকল্প বেশ লাভজনক। সেখানে অর্থনৈতিক ও কারিগরি সুবিধা বিদ্যুৎ পর্ষদের কাজের পক্ষে সহায়ক। কিন্তু চুরি সব মাটি করে দিচ্ছে। অবিলম্বে সেখানকার চুরি বন্ধ হওয়া উচিত। নচেৎ প্রকল্প হয় বানচাল হয়ে যাবে, নয় অনিশ্চিত অবস্থার মধ্যে পিছিয়ে যাবে।

বিদ্যুৎ সরবরাহ ব্যবস্থায় উন্নতিসাধনের উদ্দেশ্যে রঘুনাথগঞ্জের উমরপুরে ১৩২ কে ভি ষ্টেশন তৈরীর কাজ শুরু হয়েছে। এখান থেকে সাগরদীঘি, ধুলিয়ান ও বীরভূমের মুরারই সাব ষ্টেশনে সরাসরি বিদ্যুৎ সরবরাহ করা হবে। সেজন্য ওই তিনটি জায়গায় ৩৩ কে ভির তিনটি সাব ষ্টেশন তৈরীর কাজ চলছে এবং ৩৩ কে ভি লাইন বসানোর কাজ শুরু হয়েছে। কিন্তু প্রয়োজনীয় যন্ত্রপাতির অভাবে ১৩২ কে ভি ষ্টেশনের কাজ দীর্ঘ কয়েক বছরের মধ্যেও শেষ করা সম্ভব হয়নি। অফিস ভবন তৈরীর কাজ সম্পূর্ণ হওয়ার আগেই সেখানে অফিস এবং ক্যাম্প নিয়ে যাওয়া হয়েছে। তার ফলে নিরাপত্তা বিঘ্নিত হয়েছে বলে অভিযোগ করা হয়েছে। এখানেও চুরির চেষ্টা হয়েছিল কিন্তু প্রহরারত হোমগারডদের তৎপরতায় সে চেষ্টা ব্যর্থ হয়ে যায় বলে জানানো হয়েছে। সাগরদীঘিতে ৩৩ কে ভি সাব ষ্টেশন তৈরীর জন্য তিন একর জমি অধিগ্রহণ করা হয়েছিল কয়েক বছর আগে। কিন্তু এখনও জমির মালিকদের ক্ষতিপূরণ দেওয়া হয়নি। তাঁদের অধিকাংশই গরীব চাষী। টাকার অভাবে তাঁরা ভীষণ অসুবিধায় পড়েছেন। জমি খুইয়ে অভাবের তাড়নায় একজন চাষীর মেয়ের বিয়ে আটকে গিয়েছে। এই অভিযোগ করে ক্ষতিগ্রস্ত চাষীরা জানিয়েছেন, ক্ষতিপূরণ আদায়ের জন্য বছরের পর বছর তাঁরা বহরমপুর-জঙ্গিপুর হন্যে হয়ে ঘুরে বেড়াচ্ছেন। কিন্তু বার বার ব্যর্থ হয়ে ফিরে আসছেন। সাব ষ্টেশনের কাজ প্রায় শেষ হয়ে এসেছে অথচ ক্ষতিগ্রস্তদের ক্ষতিপূরণ দেওয়ার নাম নাই।

### উন্নয়নে আরজি

( ১ম পৃষ্ঠার পর )

অগ্রাধিকারের ভিত্তিতে ওই টাকা ১৫টি ওয়ারডে ৪৫টি পায়খানা সংস্কারের জন্য অনুদান দেওয়া হবে। ৩৩ হাজার টাকা খরচ করে দুটি হরিজন কোয়ারটার তৈরী করা হয়েছে। ভবিষ্যতে আরো হবে। ম্যাকেনজি পারকে জঙ্গিপুর মহকুমা হাসপাতাল পর্যন্ত বিস্তৃত সড়ক প্রস্থে সম্প্রসারণ এবং বৈদ্যুতিকীকরণের জন্য এক লক্ষ টাকা খরচ করা হবে। বিদ্যুৎ সরবরাহ বিভাগের গাফিলতিতে শহরের ১৮৪টি পোলে বালব জ্বলে না। তাছাড়া বিভাগীয় দফতর থেকে এত নিম্নমানের বালব সরবরাহ করা হয় যে, সেগুলি তাড়াতাড়ি ফিউজ হয়ে যায়। এ ব্যাপারে সংশ্লিষ্ট দফতরের দৃষ্টি আকর্ষণ করেও ফল হয়নি। তিনি জানান, এখন ১·৮০ লক্ষ টাকা খরচ করে পুরসভার রাস্তা ও ড্রেন সংস্কার করা হচ্ছে। তাঁরা ক্ষমতায় আসার পর পুর শিক্ষকদের কনটিনজেনসি টাকা প্রদান এবং কর্মচারী ও হরিজনদের সমস্যা সমাধান করা হয়েছে।

### ত্রিশূল তোমার চলবে কি?

— সত্যেন্দ্রনাথ বড়াল

হে ভোলানাথ শুধাই তোমা
একটা কথা বলবে কি
এ দুনিয়ায় তোমার ত্রিশূল
আগের মত চলবে কি?
আজকে ওরা গড়েছে যে
হরেক রকম হাতিয়ার
হাইড্রো অ্যাটম ম্যান-অব্-ওয়ার
এ্যানটি এয়ার ক্রাফ্ট ক্রুজার
বিচিত্র হায় লড়াই এদের
বিধি বিধান কিছু নাই
এরা হাসপাতালে দেবালয়ে
নির্বিচারে বোম ফাটায়
কাশীনাথ গো তোমার ভয়ে
এদের হৃদয় টলবে কি?
আগের মত আবার সতী
পতির নিন্দায় প্রাণ দেবে কি
স্কন্ধে প্রিয়া, চক্ষে তোমার
তেমনি আগুন জ্বলবে কি?
কলুষ-ভরা মাটির ধরা
দুটি পায়ে দলবে কি?
আজ ধরণীর গলায় গলায়
উঠেছে যে বিষ ভরে
আশুতোষ গো কণ্ঠে সে বিষ
রাখবে কতদিন ধরে
অমৃতের ছোঁয়ায় এদের হৃদয়
কভু গলবে কি?

### কৃষি প্রযুক্তিবিদ

( ১ম পৃষ্ঠার পর )

সর্বস্তরে দাবিদাওয়া তুলে ধরতে। ২৩ ফেব্রুয়ারী কমিটি বসছে সরকারের সঙ্গে রিভিউ করতে। তিনি জানান, মুর্শিদাবাদ জেলায় ৬৫ জন অফিসার আন্দোলনে সামিল হয়েছেন। এর ফলে অবশ্য উৎপাদন ব্যাহত হবে না, শুধু অফিসের কাজকর্ম ব্যাহত হবে। তাঁদের এই আন্দোলনকে 'জাতীয় কল্যাণে পেশাগত স্বার্থরক্ষার আন্দোলন' বলে অভিহিত করা হয়েছে।

শহরে পানীয় জল সরবরাহ প্রসঙ্গে সাংবাদিকদের প্রশ্নের উত্তরে পুর সভাপতি জানান, এই উদ্দেশ্যে জঙ্গিপুর পুরসভায় সারফেস ওয়াটার সিসটেম চাওয়া হয়েছে। এর জন্য খরচ হবে ৬০ হাজার টাকা। প্রকল্পটি বহুদিন ধরে পড়ে ছিল পাবলিক হেলথ ইনজিনীয়ারিং ডিপারটমেনটে। এখন রাজ্য সরকারের হাতে ন্যস্ত হওয়ায় অনুমোদনের সম্ভাবনা উজ্জ্বল হয়েছে। আশা করা হচ্ছে অনতিবিলম্বে পানীয় জল সরবরাহ প্রকল্প রূপায়িত হবে।

# কর্ম্মখালির পুনর্বিজ্ঞপ্তি

এতদ্বারা সাগরদীঘি ব্লকপর্য্যায় নির্বাচন কমিটির গত ৯-২-৮০ তারিখের সিদ্ধান্ত অনুযায়ী সাগরদীঘি পঞ্চায়ত সমিতি অধীন বালিয়া গ্রাম পঞ্চায়তের তপশীল উপজাতির ( Scheduled Tribes ) জন্য সংরক্ষিত "কার্য্য সহায়ক" ( Job Asstt. ) এর একটি শূন্য পদে ( অস্থায়ী ) নিয়োগ হেতু দুইজনের নামের প্যানেল তৈরী করিবার নিমিত্ত নির্বাচন কমিটির বিবেচনার জন্য সাগরদীঘি থানার অধিবাসী যোগ্য তপশীল উপজাতি প্রার্থীগণের নিকট হইতে নিম্নলিখিত শর্তাদীপূরণে পুনরায় দরখাস্ত আহ্বান করা যাইতেছে।

প্রার্থীগণ সাদা কাগজে তাহাদের যোগ্যতাবলী, বয়স এবং অন্যান্য প্রয়োজনীয় তথ্যাদি উল্লেখপূর্ব্বক আবেদনপত্র নিম্ন-স্বাক্ষরকারীর ঠিকানায় আগামী ২৮-২-৮০ তারিখ পর্য্যন্ত দাখিল করিতে পারিবেন। যে কোন কাজের দিনে ঐ তারিখ পর্য্যন্ত অফিসে ব্যক্তিগতভাবে হাজির হইয়াও আবেদনপত্র জমা দেওয়া যাইবে। ২৮-২-৮০ তারিখের পরে প্রাপ্ত কোন আবেদনপত্রই বিবেচনার জন্য গৃহীত হইবে না। খামের উপরে—"জব এ্যাসিষ্ট্যান্ট পদের জন্য আবেদনপত্র" এই কথাগুলি উল্লেখ করিতে হইবে।

*বেতনক্রম*—১৬০-৩-২১৪-৪-২৫০ টাকা ও তৎসহ গ্রামপঞ্চায়ত সচিবগণকে প্রদেয় ভাতাদি এবং এড্‌-হক্ বর্দ্ধিত বেতন।

*কাজের প্রকৃতি*—গ্রাম পঞ্চায়তে নিয়মিত কাজের সহিত সংশ্লিষ্ট গ্রাম পঞ্চায়তের অধীন প্রতিটি প্রকল্পের মাটির কাজ পরীক্ষা নথীভুক্তকরণ, পরিমাপ বহিতে ( M. B ) হিসাব সংরক্ষণ ইত্যাদি।

*যোগ্যতাবলী*—

১। প্রার্থীগণকে অবশ্যই মাধ্যমিক/স্কুল ফাইনাল বা সমতুল্য পরীক্ষায় উত্তীর্ণ হইতে হইবে।

২। প্রার্থীর বয়স ১-১২-৭৯ তারিখে অবশ্যই ১৮ (আঠার) বৎসর পূর্ণ হওয়া চাই এবং অনুর্দ্ধ ৩৫ ( পঁয়ত্রিশ ) বৎসর হওয়া চাই। একমাত্র তপশীলি উপজাতি এবং পার্ব্বত্য জাতির ক্ষেত্রে বয়সসীমা ৫ ( পাঁচ ) বৎসর পর্য্যন্ত বর্ধিত হইবে।

৩। প্রার্থীগণকে আবেদনপত্রে কর্ম্ম-বিনিয়োগকেন্দ্রে তাহাদের নাম অন্তর্ভুক্তির নম্বর অতি অবশ্যই উল্লেখ করিতে হইবে। (কর্ম্ম-বিনিয়োগ কেন্দ্রে নাম নথিভুক্ত না থাকিলে প্রার্থীগণ আবেদন করিবার পূর্ব্বে নাম নথিভুক্ত করাইয়া নম্বর উল্লেখ করিবেন।)

৪। প্রার্থীগণকে আবেদনপত্রে "বালিয়া গ্রাম পঞ্চায়তের জব-এ্যাসিষ্টান্ট পদের জন্য আবেদন" কথাগুলি সুস্পষ্টভাবে উল্লেখ করিতে হইবে। ইতিপূর্ব্বে সাগরদীঘি ব্লকে অন্য কোন গ্রাম পঞ্চায়তের জন্য ( একমাত্র বালিয়া গ্রাম পঞ্চায়ত ছাড়া ) আবেদনপত্র দাখিল করিয়া থাকিলে তিনি আর আবেদন করিতে পারিবেন না। করিলেও তাহা বাতিল বলিয়া গণ্য করা হইবে।

৫। শিক্ষাগত যোগ্যতা, বয়সের প্রমাণ স্বরূপ প্রয়োজনীয় সার্টিফিকেট এবং মহকুমা শাসক বা ক্ষমতাপ্রাপ্ত আর কোন কর্তৃপক্ষের নিকট হইতে প্রাপ্ত Scheduled Tribes Certificate-এর প্রত্যয়িত নকলসহ নিজ নিজ গ্রাম পঞ্চায়ত প্রধানের নিকট হইতে সংগৃহীত বাসিন্দা সার্টিফিকেট আবেদনপত্রের সহিত অতি অবশ্যই সংযোজিত করিতে হইবে।

৬। বাইসাইকেল চালাইতে পটু প্রার্থীগণকে অগ্রাধিকার দেওয়া হইতে পারে।

৭। নির্বাচন কমিটি কর্তৃক প্রার্থীপদে যোগ্য বিবেচিত প্রার্থী গণকে নির্দিষ্ট দিনে যথাসময়ে এবং যথাস্থানে লিখিত নির্দেশপত্রের ভিত্তিতে লিখিত পরীক্ষার জন্য এবং লিখিত পরীক্ষায় সফল প্রার্থীগণকে পরবর্তী নির্দেশপত্রের ভিত্তিতে মৌখিক পরীক্ষার জন্য অবশ্যই উপস্থিত থাকিতে হইবে।

স্বাঃ সুনীল চ্যাটার্জী
১৩-২-৮০
বি, ডি, ও সাগরদীঘি
ও আহ্বায়ক
সাগরদীঘি ব্লক পর্য্যায় কমিটি
পোঃ সাগরদীঘি
জেলা মুর্শিদাবাদ

Memo. No. 178 En/SB/Dated 13-2-80

# এ পক্ষের চাষবাস



## ১লা—১৫ই ফাল্গুন

**ধান ঃ**

অধিকফলনশীল বোরোধানে থোড় আসার মুখে স্বল্পমেয়াদী জাতে একরে ১০ কেজি, মাঝারি জাতে ১২ কেজি ও দেশী উন্নত জাতে ৮ কেজি হারে নাইট্রোজেন দ্বিতীয়বার চাপান সার হিসাবে দিন। মাজরা পোকার আক্রমণ হলে একরে ৫ কেজি ফোরেট ( থাইমেট ১০ জি, ফোরেট ১০ জি ) বা ৭ কেজি কার্বোফুরান ( ফিউরাডান ৩ জি ) বা ৮ কেজি সাইট্রোলান ৫ জি বা ৮ কেজি কুইনালফস ( একালাক্স ৫ জি ) বা ১২ কেজি এণ্ডোসালফান ( থায়োডান ৪ জি ) প্রভৃতি দানাদার ওষুধ ছড়ান। থোড় অ সার পর দরকার হ'লে তরল ওষুধ দিন। এজন্য প্রতি লিটার জলে ½ মি. লি. ফসফোমিডন ( ডিমেক্রন ১০০ ) বা ১½ মি. লি. কুইনালফস ( একালাক্স ২৫% ) বা ২ মি. লি এণ্ডোসালফান ( থায়োডান ৩৫ ই.সি ) বা ২ মি.লি. লিনডেন ২০ ই.সি মিশিয়ে স্প্রে করুন। বাদামী শোষক পোকার আক্রমণ হ'লে প্রতি লিটার জলে ½ মি.লি ফসফোমিডন বা ১ মি.লি. মনোক্রটোফস ( নুভাক্রন ৪০% ) বা ২ মি.লি. ম্যালাথিয়ন ( ম্যালাথিয়ন ৫০% বা সাইথিয়ন ৫০% ) বা ২½ গ্রাম কার্বারিল মিশিয়ে গাছের গোড়ার দিকে স্প্রে করুন।

**গম ঃ**

প্রয়োজন বুঝে সেচ দিন, শীষ বের হওয়ার ও দানা পুষ্ট হওয়ার সময় যেন জমিতে যথেষ্ট রস থাকে। ভুষো রোগ দেখা গেলে ভিজে কাপড় বা বস্তায় মুড়ে শীষগুলি হালকাভাবে কেটে নিয়ে পুড়িয়ে ফেলুন। ক্ষেতে ক্যালাঘাস, বুনো জই বা করাত ঘাস প্রভৃতি আগাছা হ'লে তুলে পুড়িয়ে ফেলুন।

**তিল ঃ**

এ পক্ষেও তিল বোনা চলবে। চাষ পদ্ধতি জানার জন্য আগের দু'টি পক্ষের বিজ্ঞাপন দেখুন।

**আখ ঃ**

বর্ষা শুরু না হওয়া পর্যন্ত মাটির অবস্থা বুঝে ১৫ দিন অন্তর সেচ দিন।

**পাট ঃ**

নাচু সরস জমিতে এখন গরম পড়ার সঙ্গে সঙ্গে সোনালী জাতের ( জে-আর-সি-৩২১ পাট বুনুন। জমি তৈরীর সময় একরে ৭½—১২½ কেজি ফসফেট ও অনুরূপ মাত্রায় পটাশ দিন। একরে বীজ লাগবে ২½—৩ কেজি। বীজ ৩০ সে.মি দূরত্বে সারিতে বুনুন।

**চীনাবাদাম ঃ**

এ পক্ষেও চীনাবাদাম লাগানো যাবে। চাষ পদ্ধতি জানার জন্য গত পক্ষের বিজ্ঞাপনটি দেখুন।

ভারত-জার্মান
সার প্রশিক্ষণ প্রকল্প
১২ বি, রাসেল স্ট্রীট, কলিকাতা ৭০০০৭১
/naa

## ১২০ বছরে প্রোমোশন

( ১ম পৃষ্ঠার পর )

যুগ। ১৯৬১ সালের পর ১৫০ জনের চাকরি নিয়মিত করা হয়েছে ১৮ থেকে ২০ বছরের মাথায়। ১৯৭৪ সালে ডাক্তার এবং ইনজিনীয়ারদের আন্দোলনের ফলে টেকনোক্র্যাটরা কেন্দ্রীয় সরকারের স্বীকৃতি লাভ করেন। কিন্তু কৃষি দফতরের প্রযুক্তিবিদরা এখনও সরকারী স্বীকৃতি পাননি।

সকলের প্রিয় এবং
বাজারের সেরা
ভারত বেকারীর
স্লাইজ ব্রেড
মিয়াপুর * ঘোড়শালা
মুর্শিদাবাদ

সবার প্রিয় চা—
চা ভাণ্ডার
রঘুনাথগঞ্জ সদরঘাট
ফোন—১৬

## সূর্যগ্রহণের আতঙ্ক

( ১ম পৃষ্ঠার পর )

গ্রহণ শুরু হয় ১৬ ফেব্রুয়ারী বেলা ২-৪৭ মিনিটে, শেষ হয় বিকেল ৫টায়। ওই সময়ের মধ্যে সবাই ছিলেন ঘরের মধ্যে। শুধু কিছু উৎসাহী যুবক পোড়া ফিলম অথবা একসরে প্লেট নিয়ে এক চোখ বন্ধ করে উঁকি মারছিলেন সূর্যের দিকে। দোকান-পাট সব বন্ধ ছিল। রাস্তা-ঘাট খাঁ খাঁ করছিল। সরকারী ঘোষণার ফলে অফিস-আদালত বন্ধ ছিল। দুপুর বারোটার পর থেকে বাস ও অন্যান্য যানবাহন চলাচল বন্ধ হয়ে যায়। সিনেমা হলগুলিও বন্ধ ছিল। ৩-৫৭ মিনিটে পূর্ণগ্রাস গ্রহণের সময় পাখীর কলরব শোনা যাচ্ছিল। পাঁচটায় গ্রহণ শেষ হওয়ার সঙ্গে সঙ্গে নগর সংকীর্তন, হুলুধ্বনি ও শাঁখের আওয়াজে আকাশ-বাতাস মুখরিত হয়ে ওঠে। দলে দলে পুণ্যার্থীরা গঙ্গাস্নান করেন।

## রহস্যজনক মৃত্যু

সাগরদীঘি, ১৩ ফেব্রুয়ারী—এই থানার বালিয়া সেখপাড়া গ্রামের কাঙালী সেখের গর্ভবতী স্ত্রীকে তাঁর বাড়ীর বিছানায় মৃত অবস্থায় পাওয়া গিয়েছে। গ্রামবাসীরা ঐটিকে রহস্যজনক মৃত্যু বলে সন্দেহ করছেন। কাঙালী সেখ ফেরার। তাঁর প্রথম পক্ষের স্ত্রী ইতিপূর্বে গলায় দড়ি দিয়ে মারা গিয়েছিলেন বলে গ্রামবাসীরা জানিয়েছেন।

## ষ্টেট ব্যাঙ্ক

রঘুনাথগঞ্জ, ২০ ফেব্রুয়ারী—গত ১৮ ফেব্রুয়ারী ষ্টেট ব্যাঙ্ক অফ ইণ্ডিয়ার জঙ্গিপুর শাখা এস, ডি, ও কোর্ট প্রাঙ্গণ হতে রঘুনাথগঞ্জ ডাকবাংলোর মোড়ে নবনির্মিত গৃহে স্থানান্তরিত হয়েছে। গৃহের দ্বারোদ্ঘাটন করেন বহরমপুর ব্রাঞ্চ ম্যানেজার।

বহরমপুর—রঘুনাথগঞ্জ ভায়া
সাগরদীঘি রুটে স্বাচ্ছন্দ্যে যাতায়াতের
জন্য নির্ভরযোগ্য বাস
লেখার বাস সারভিস
ভারতের যে কোন স্থানে ভ্রমণের
জন্য রিজার্ভ দেওয়া হয় )

আপনার সৌন্দর্যকে ধ'রে রাখা
কি কষ্টকর ?

একেবারেই না—যদি বসন্ত মালতী আপনার প্রতিদিনের সঙ্গী হয়। ল্যানোলিন, চন্দন তেল ও নানান উপাদানে সমৃদ্ধ বসন্ত মালতী আপনার ত্বকের সব রকম ক্ষয় রোধ করে। ত্বকের ছিদ্রপথগুলি বন্ধ হ'য়ে গেলে ত্বকের পক্ষে তা'র খাদ্য গ্রহণ করা সম্ভব হয় না। তাই ক্রমে ত্বক শুকিয়ে আপনার সৌন্দর্য ম্লান ক'রে দেয়। বসন্ত মালতীর ব্যবহারে ত্বকের ছিদ্রপথগুলি খোলা থাকে, আর ত্বক তা'র উপযুক্ত খাদ্য গ্রহণ করতে পেরে আপনার সৌন্দর্যের কমনীয়তা বহু বছর ধ'রে অক্ষুণ্ণ রাখতে সমর্থ হয়। বসন্ত মালতীর সুগন্ধ সারাদিন ধ'রে আপনার মনে এক অপূর্ব মূর্ছনা জাগায়।

বসন্ত মালতী
রূপ প্রসাধনে অপরিহার্য



সি. কে. সেন এণ্ড কোং
প্রাইভেট লিঃ
জবাকুসুম হাউস,
কলিকাতা
নিউ দিল্লী

রঘুনাথগঞ্জ ( পিন—৭৪২২২৫ ) পণ্ডিত-প্রেস হইতে
অনুত্তম পণ্ডিত কর্তৃক সম্পাদিত, মুদ্রিত ও প্রকাশিত।